

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়  
পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-৬, ঢাকা  
২০৯/এ-বি, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানাপল্টন, ঢাকা

নথি নং- ৫ই-১৫/নিয়োগ/কঃঅঃ-৬/২০২১-২০২২/১৬৭

তারিখঃ ১৩.০৬.২০২২

মৌখিক পরীক্ষার সময়সূচী

কর অঞ্চল-৬, ঢাকা'র সাংগঠনিক কাঠামোভূক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্রম	পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র
০১.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	১৫ জুন, ২০২২; সকাল ১০.০০ ঘটিকা	অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-৬, ঢাকা। ২০৯/এ-বি, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানাপল্টন, ঢাকা।
০২.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৫ জুন, ২০২২; দুপুর ০২.০০ ঘটিকা	
০৩.	গাড়ি চালক	১৫ জুন, ২০২২; বিকাল ০৪.৩০ ঘটিকা	
০৪.	উচ্চমান সহকারী	১৬ জুন, ২০২২; সকাল ১০.০০ ঘটিকা	
০৫.	অফিস সহায়ক	১৬ জুন, ২০২২; দুপুর ০২.০০ ঘটিকা	
০৬.	নোটিশ সার্ভার	১৬ জুন, ২০২২; বিকাল ০৪.০০ ঘটিকা	
০৭.	মেশিন অপারেটর		
০৮.	নিরাপত্তা প্রহরী		

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নে বর্ণিত (ক্রমিক নং- ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ও অনলাইনে নিবন্ধিত জন্ম সনদের কপি।

গ) জাতীয় পরিচয়পত্রের কপি।

ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঙ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) ও প্রবেশপত্রের রসীন কপি।

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদসহ এবং আবেদনকারীর যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।


ছ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট।

জ) প্রার্থীর ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রসীন ছবি।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মূল সনদ ব্যতীত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

\* পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
(মোঃ হাসানুর রহমান)  
উপ কর কমিশনার  
সদর দপ্তর (প্রশাসন)

ও

সদস্য সচিব  
বিভাগীয় নির্বাচন কমিটি  
কর অঞ্চল-৬, ঢাকা